দৈনিক খবর

তারিখ ... 30 JUL 1990 ...
পৃষ্ঠা ... 2 কলাম ... 2 ...

24

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা

# বাস্তবায়নে চাই সম্মিলিত প্রয়াস

—রাষ্ট্রপতি

বাসস জানায় ঃ রাষ্ট্রপতি এরশাদ এই প্রথমবারের মত সাংবিধানিক দায়-দায়িত্ব পূরণের লক্ষ্যে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীকে সফল করে তুলতে সম্মিলিত প্রচেষ্টা চালানোর জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানিয়েছেন।

গতকাল রাতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর ওপর উপস্থাপনা অনুষ্ঠানে রাষ্ট্রপতি এ

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## বাস্তবায়নে

প্রথম পৃষ্ঠার পর

আহবান জানিয়ে বলেন, এটা শুধু শিক্ষা মন্ত্রণালয়ের একার দায়িত্ব নয়, বরং কর্মসূচীকে সফল করে তুলতে সংশ্লিষ্ট সকলেরই দায়িত্ব পালন করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী কাজী কাজী জাফর আহমদ বঙ্গভবনে আয়োজিত অনুষ্ঠানে উপস্থাপনা করেন।

উপ-রাষ্ট্রপতি মওদুদ আহমদ, মন্ত্রী ও সচিবগণ এ সময় উপস্থিত ছিলেন।

রাষ্ট্রপতি বলেন, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীকে সফল করে তোলা বিরাট ব্যাপার। তিনি অবশ্য আশা প্রকাশ করে বলেন, ঐক্যবদ্ধ সামাজিক আন্দোলনের মাধ্যমে এ কর্মসূচীকে বাস্তবায়িত করা হবে।

তিনি বলেন, এই কর্মসূচী বিরাট ব্যাপার, তাই জনগণকে এতে শরিক হতে অনুপ্রাণিত ও উদ্বুদ্ধ করতে হবে।